

Date - 15 March 2014, Page - 16

আজ ঢাকায় আসছেন মাহাথির মোহাম্মদ



নিজস্ব প্রতিবেদক ■

মালয়েশিয়ার সাবেক
প্রধানমন্ত্রী ড. মাহাথির
বিন মোহাম্মদ আজ ঢাকা
আসছেন। এবারের
সফরে তিনি
ইউনিভার্সিটি অব

ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সের
(ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তনে যোগ
দেবেন। আজ বেলা ৩টায় রাজধানীর বঙ্গবন্ধু
আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সমাবর্তন অনুষ্ঠান
অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির
উপাচার্য ড. মুহাম্মদ সামাদ।

তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে
বিভিন্ন বিভাগের ৩ হাজার ৬৮৬ জন স্নাতক ও ২
হাজার ৩৯৫ জন স্নাতকোত্তর সম্পন্নকারী
শিক্ষার্থীকে সনদ দেয়া হবে। সমাবর্তন অনুষ্ঠানে
সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী ১৫ কৃতি
শিক্ষার্থীকে যথাক্রমে চ্যাম্পেলর, ট্রাস্টি বোর্ড
সদস্য ও ভাইস চ্যাম্পেলর স্বর্ণপদক দেয়া হবে।
তাদের মধ্যে স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং
থেকে আটজন, স্কুল অব বিজনেস স্টাডিজ থেকে
তিনজন এবং স্কুল অব লিবারেল আর্টস অ্যান্ড
সোশ্যাল সায়েন্স থেকে চারজন মেধাবী ও কৃতি
শিক্ষার্থী এ স্বর্ণ পদকের জন্য মনোনীত হয়েছেন।